# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

সূত্র নং প্রকা/শানিব্যউবি-৮(৬)অংশ-৫/২০২২-২০২৩/২৩০(১২০০) তারিখঃ ৩০ আগষ্ট ২০২২

**বিষয় ঃ <u>আইও রশিদের পাতা বাতিলকরণ প্রসঙ্গে।</u>**

সূত্র নং- বিকাখু/পরিচা-৫০(আইও রশিদ)/২০২২-২০২৩/৪৫২, তারিখঃ ১৬.০৮.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিকেবি, নাভারণ শাখা, যশোর এর আইও রশিদ হারানোর বিষয়টি শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়কে অবহিত করা হয়েছে। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, যশোর এর পিআরএল ভোগরত উর্ধ্বতন কর্মকর্তা জনাব মোঃ আশরাফুজ্জামান এর নামে নাভারণ শাখা, যশোর এ দায়িত্ব পালনকালে ইস্যুকৃত ৪৫৮৯৬ (ক্রমিক নম্বর ৪৫৮৯৫০১ হতে ৪৫৮৯৬০০ পর্যন্ত) নম্বর আইও রশিদ বইয়ের ৪৫৮৯৫৮৬ এবং ৪৫৮৯৫৮৭ নম্বর সংবলিত ০২(দুই)টি পাতা অসাবধানতা বশতঃ হারিয়ে গেছে। জনাব মোঃ আশরাফুজ্জামান আইও রশিদের পাতা হারানোর বিষয়টি শাখা ব্যবস্থাপককে লিখিতভাবে অবহিত করেন এবং ঝিকরগাছা থানা, যশোর এ সাধারণ ডায়েরীভুক্ত করেন। ঝিকরগাছা থানা জিডি নং ৩৮৪, তারিখঃ ০৯.১২.২০২০।

০২। জনাব মোঃ আশরাফুজ্জামান ৩০০ টাকার স্ট্যাম্পে মুচলেকা বন্ড দ্বারা এই মর্মে অঙ্গীকারাবদ্ধ হন যে, আইও রশিদের ৪৫৮৯৫৮৬ এবং ৪৫৮৯৫৮৭ নম্বর পাতা দ্বারা ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম বা জাল-জালিয়াতি সংঘটিত হলে তার দায়-দায়িত্ব বহন করবেন। তার বিরুদ্ধে আনিত ব্যাখ্যা তলবের জবাবে ক্ষমাপ্রার্থী হয়ে অনিচ্ছাকৃত ভুলের জন্য দুঃখ প্রকাশ করে তিনি ব্যাখ্যা তলব থেকে অব্যাহতির অনুরোধ জানান। উল্লেখ্য, বিকেবি, নাভারণ শাখা, যশোর এর সাবেক এবং বর্তমান ব্যবস্থাপক এই মর্মে প্রত্যয়ন করেন যে, হারিয়ে যাওয়া আইও রশিদের ৪৫৮৯৫৮৬ এবং ৪৫৮৯৫৮৭ নম্বর পাতা ব্যবহার করা হয়নি।

০৩। এমতাবস্থায়, **<u>অপব্যবহার রোধকল্পে ৪৫৮৯৫৮৬ এবং ৪৫৮৯৫৮৭ নম্বর আইও রশিদের পাতা বাতিল করা হলো</u>**। ভবিষ্যতে হারিয়ে যাওয়া উক্ত আইও রশিদের পাতা ব্যবহার না করার ব্যাপারে অধিকতর সাবধানতা অবলম্বন করার জন্য সকল শাখাকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, পরবর্তীতে উক্ত হারিয়ে যাওয়া অব্যবহৃত আইও রশিদের ৪৫৮৯৫৮৬ এবং ৪৫৮৯৫৮৭ নম্বর পাতা দ্বারা দুর্নীতি বা অর্থ আত্মসাৎ এর ঘটনা ঘটলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে।

৩০/০৮/২০২২

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণ ঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

সূত্র নং প্রকা/শানিব্যউবি-৮(৬)অংশ-৫/২০২২-২০২৩/২৩০(১২০০) তারিখঃ ৩০ আগষ্ট ২০২২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

৩০/০৮/২০২২

(জাহানারা রায়হানুল ফেরদৌস)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা